# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ দশম অধ্যায় - পবিত্র বাইবেল ও মুহাম্মাদ (ﷺ)

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

(১৩) যিশাইয় ৪০/৩

“The voice of him that crieth in the wilderness, Prepare ye the way of the LORD, make straight in the desert a highway for our God.” অর্থাৎ: মরুভূমিতে যিনি ঘোষণা করছেন তার কণ্ঠস্বর, তোমরা মাবুদের পথ প্রস্তুত কর, মরুভূমিতে আমাদের আল্লাহর জন্য রাজপথ সরল কর।”

মোকাদ্দস-১৩: “একজনের কণ্ঠস্বর, যে ঘোষণা করছে, তোমরা মরুভূমিতে মাবুদের পথ প্রস্তুত কর, মরুভূমিতে আমাদের আল্লাহর জন্য রাজপথ সরল কর।”

খ্রিষ্টানরা এটাকে যোহন বাপ্তাইজক বা বাপ্তিস্মদাতা ইয়াহিয়ার বিষয়ে ভবিষ্যদ্বাণী বলে গণ্য করেছেন। তবে কোনো কোনো মুসলিম গবেষক এ কথাটাকে মুহাম্মাদের (ﷺ) আগমন বিষয়ক ভবিষ্যদ্বাণী বলে গণ্য করেছেন। তাঁরা সূরা ফাতিহার সরল পথের দুআকে এ ভবিষ্যদ্বাণীর বাস্তবায়ন বলে গণ্য করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14664

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন